বাদ

OCC 071

তারিখ 26 OCT 1985
পৃষ্ঠা 1 কলাম 1

এইচ, এস, সি পরীক্ষার ফল প্রকাশিত ॥ পাসের হার ৫১·৪১

# ঢাকা রাজশাহী চট্টগ্রাম কলেজ ও ঝিনাইদহ ক্যাডেটের মেধা তালিকায় প্রাধান্য

(নিজস্ব বার্তা পরিবেশক)

১৯৮৫ সালের উচ্চ মাধ্যমিক পরীক্ষায় চারটি বোর্ডের মোট ১লাখ ৮০ হাজার ২২৭ জন পরীক্ষার্থীর মধ্যে উত্তীর্ণ হয়েছে ৯২ হাজার ৬৭০ জন। পাসের হার ৫১ দশমিক ৪১ ।

গতকাল শুক্রবার সম্মিলিতভাবে এ ফলাফল প্রকাশিত হয়েছে। সম্মিলিত মেধা তালিকায় ঢাকা বোর্ডে ঢাকা কলেজ, কুমিল্লা বোর্ডে চট্টগ্রাম কলেজ, রাজশাহী বোর্ডে রাজশাহী কলেজ ও যশোর বোর্ডে ঝিনাইদহ ক্যাডেট কলেজ শীর্ষস্থান পেয়েছে। শুধু শীর্ষস্থানেই নয়, সম্মিলিত মেধা তালিকার এ সব কলেজ প্রাধান্যও লাভ করেছে। এ তালিকার প্রথম ২০টি স্থানের মধ্যে ঢাকা কলেজের ১৭ জন, চট্টগ্রাম কলেজের ১০ জন, রাজশাহী কলেজের ১৩ জন এবং ঝিনাইদহ ক্যাডেট কলেজের ১৩ জন মেধাবী ছাত্র রয়েছেন।

ঢাকা বোর্ডে পাসের হার হল শতকরা ৪৮ দশমিক ২৩, কুমিল্লায় ৫৯ দশমিক ৪৮, রাজশাহীতে ৫২ দশমিক ১৯ এবং যশোরে ৪.৭ দশমিক ১৪ ।

৪টি বোর্ডের পরীক্ষার্থীদের মধ্যে ৯ হাজার ২৩৬ জন প্রথম বিভাগ (শিক্ষা মন্ত্রণালয়ের প্রেস বিজ্ঞপ্তিতে ভুলবশত: ৯ হাজার ২৩৭ জন লেখা হয়েছে), ৪৯ হাজার ৩২৬ জন দ্বিতীয় বিভাগ ও ৩৪ হাজার ১০৮ জন তৃতীয় বিভাগে উত্তীর্ণ হয়েছে। 'ক' সারণিতে ৪টি বোর্ডের বিভাগভিত্তিক ফলাফল দেয়া হল।

৪টি বোর্ডের বিজ্ঞান, মানবিক ও বাণিজ্য বিভাগে কতজন পরীক্ষার্থী ছিল এবং কতজন পাস করেছে তা 'খ' সারণিতে দেয়া হল। ('খ' সারণী ৮ম পৃ:)

এছাড়া গার্হস্থ্য অর্থনীতি গ্রুপের ২৫২ জন পরীক্ষার্থীর মধ্যে ১০২ জন এবং কৃষি গ্রুপের ৪ হাজার ৬২৯ জনের মধ্যে ২ হাজার ২৯২ জন উত্তীর্ণ হয়েছে।

চার বোর্ডে উত্তীর্ণদের মধ্যে ছেলের সংখ্যা হচ্ছে ৭২ হাজার ৮৪২ এবং মেয়ের সংখ্যা ২০ হাজার ৯২৮। ঢাকা বোর্ডের পরীক্ষার্থীদের মধ্যে ২৩ দশমিক ৮৪ ভাগ, কুমিল্লা বোর্ডে ২০ দশমিক ৪৮ ভাগ, রাজশাহী বোর্ডে ১৯ দশমিক ৯৮ ভাগ এবং যশোরের ২০ দশমিক ৭৬ ভাগ হচ্ছে মহিলা পরীক্ষার্থী।

চারটি বোর্ডে মোট তালিকাভুক্ত পরীক্ষার্থীর সংখ্যা হচ্ছে ১ লাখ ৮৭ হাজার ২০। এর মধ্যে ৬ হাজার ৭৯৩ জন পরীক্ষার টেবিলে বসেনি।

৪টি বোর্ডের বিভাগভিত্তিক ফলাফল

| বোর্ড | ১ম বিভাগ | ২য় বিভাগ | ৩য় বিভাগ | মোট | ১ম বিভাগের শতকরা হার |
|---|---|---|---|---|---|
| ঢাকা | ৪৫৭৪ | ১৫২৭৬ | ৬৫১৯ | ২৬৩৬৯ | ১৭·৩৪ |
| কুমিল্লা | ১৮৫৩ | ১৩১২৭ | ৯৯৫৩ | ২৪৯৩৩ | ৭·৪৩ |
| রাজশাহী | ১৪৭৮ | ৯৭৩২ | ৮৮৩০ | ২০০৪০ | ৭·৩৭ |
| যশোর | ১৩৩১ | ১১১৯১ | ৮৮০৬ | ২১৩২৮ | ৬·২৪ |
| মোট | ৯২৩৬ | ৪৯৩২৬ | ৩৪১০৮ | ৯২৬৭০ | ৯·৯৬ |

সারণি 'ক'

## ফল জানতে গিয়ে—

(নিজস্ব বার্তা পরিবেশক)

উচ্চ মাধ্যমিক পরীক্ষার ফলাফল জানতে গিয়ে এবারো পরীক্ষার্থী ও তাদের অভিভাবকদের দুর্ভোগ পোহাতে হয়েছে।

গতকাল শুক্রবার সকালে ঢাকা মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ডের ভবনের দেয়ালে ফলাফলের শীটগুলো সেঁটে দেয়া হলে শত শত পরীক্ষার্থী হুমড়ি খেয়ে পড়ে সেগুলোর ওপর। এক পর্যায়ে অধিকাংশ শীট টানা হেঁচড়ায় ছিঁড়ে যায়। এরপর ফলাফল জানতে উৎসুক পুরুষ ও মহিলাদের অসহায়ভাবে এদিক-সেদিক ছুটতে দেখা যায়।

অনেকে ছুটে যান সংশ্লিষ্ট কলেজগুলোতে। অধিকাংশ ক্ষেত্রে ফলাফল কলেজগুলোতে সময়মত যায়নি। পত্রিকা অফিসগুলোতে ফলাফল জানতে চেয়ে অসংখ্য টেলিফোন আসতে থাকে। ভীড় জমে যায় পত্রিকা অফিসগুলোতে।

পর্যবেক্ষক মহলের মতে, এসব পরীক্ষার ফলাফল সুষ্ঠুভাবে ও দ্রুত জানানোর ব্যাপারে কর্তৃপক্ষীয় উদ্যোগ প্রয়োজন। কলেজ ভিত্তিক ফলাফলের পুস্তিকা তৈরী করে বিক্রির ব্যবস্থা করলে সমস্যার কিছুটা লাঘব হতে পারে।

সংবাদ

তারিখ 26 OCT 1985
পৃষ্ঠা 1 কলাম 2

# এইচ,এস,সি সম্মিলিত মেধা তালিকা

## ঢাকা বোর্ড

(নিজস্ব বার্তা পরিবেশক)

ঢাকা বোর্ডের সম্মিলিত মেধা তালিকায় প্রথম ১০জন ও তাদের প্রাপ্ত নম্বর নীচে দেয়া হল:—

(১) খোন্দকার রিফাত হোসেন (পদা, রসা, গ, মনো), ৯২৮, ঢাকা কলেজ। (২) এ,কে এম রাশিদুল হাসান (পদা, রসা, গ) ৯২৫, ঢাকা কলেজ। (৩) মোস্তফা আগা সাদেক (পদা, রসা, গ, মনো) ৯১৯, ঢাকা কলেজ। (৪) রেজাউল হক (পদা, রসা, গ, জীব), ৯১০, ঢাকা কলেজ। (৫) নাভীদ মাহবুব (পদা, রসা, গ, মনো), ৯০৯, ঢাকা কলেজ। (৬) সাবিনা আখতার ইসলাম (পদা, রসা, জীব, গ) ৯০৬, হলিক্রস কলেজ। (৭) লতিফা কামাল সিদ্দিকা (পদা, রসা, গ, জীব), ৯০০, হলিক্রস কলেজ। (৮) মো: মাহবুবুর রহমান (পদা, রসা, গ, জীব), ৮৯৮, ঢাকা কলেজ ও আরিফুর রহমান (পদা, রসা, গ), ৮৯৮, ঢাকা কলেজ। (৯) আবুল হাসনাত (পদা, রসা, গ, মনো) ৮৯৬, ঢাকা কলেজ ও তামজিদা মমিন (পদা, রসা, গ, জীব) ৮৯৬, বেগম বদরুন্নেছা সরকারী মহিলা কলেজ। (১০) মো: এরশাদ আলী (পদা, রসা, গ, মনো), ৮৯৪, ঢাকা কলেজ, নায়লা রকিব (পদা, রসা, গ), ৮৯৪, হলিক্রস কলেজ ও রবার্ট পি রোজারিও (পদা, রসা, গ, জীব), ৮৯৪, নটরডেম কলেজ।

ঢাকা বোর্ডের কলা শাখার মেধা তালিকায় হলিক্রস কলেজের দাপট অব্যাহত রয়েছে। এবার প্রথম ১০টির মধ্যে ৭টি স্থান (শেষ পৃ: ১-এর ক: দ্র:)

## রাজশাহী বোর্ড

(নিজস্ব বার্তা পরিবেশক)

রাজশাহী বোর্ডের মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট পরীক্ষার সম্মিলিত মেধা তালিকার প্রথম ১০ জনের এবং অন্যান্য বিভাগে প্রথম ৩ জনের নাম নিম্নে দেয়া হলো।

সম্মিলিত মেধা তালিকা

প্রথম : মীর মো: রুহুল কবীর (পরি, রবি, গ, পরি) রাজশাহী কলেজ, রোল রাজ ৬১৯ প্রাপ্ত নম্বর ৯৩৮, দ্বিতীয় : ফরহাদ আহমেদ (পবি, রবি, গ, পরি), রাজশাহী কলেজ, রোল রাজ ৬২২, প্রাপ্ত নম্বর ৯০৮, তৃতীয় : মো: আনোয়ার হোসেন মাসুদ (পরি, রবি, গ, পরি) রাজশাহী কলেজ, রোল রাজ ৬৪৬ প্রাপ্ত নম্বর ৯০৫, চতুর্থ : মো: ইসমত কাদির, রাজশাহী কলেজ, (পবি, রবি, গ, পরি), রাজশাহী কলেজ, রোল রাজ ৬৪৭, প্রাপ্ত নম্বর ৯০২, পঞ্চম : কল্যাণী রমা নাথ (পবি, রবি, গ, পরি), রাজশাহী কলেজ, রোল রাজ ম ৬৩০, প্রাপ্ত নম্বর ৯০১, ষষ্ঠ : মো: এমতাজুল হক, (পবি, রবি, গ, পরি), রাজশাহী ক্যাডেট কলেজ রোল রাজ-ক্যাডেট-১, প্রাপ্ত নম্বর ৮৯৯ সপ্তম: মো: আহসান কবীর (পবি, রবি, গ, পবি), রাজশাহী ক্যাডেট কলেজ, রোল রাজ ক্যাডেট ২, প্রাপ্ত নম্বর ৮৯৭, অষ্টম: আবদুল জব্বার খান (পবি, রবি, গ, প্র:) (শেষ পৃ: ২-এর ক: দ্র:)

## যশোর বোর্ড

(নিজস্ব বার্তা পরিবেশক)

যশোর বোর্ডের মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট পরীক্ষার সম্মিলিত মেধা তালিকার প্রথম ১০ জনের এবং বিভিন্ন বিভাগের প্রথম ৩জনের নাম নিম্নে দেয়া হলো।

সম্মিলিত মেধা

প্রথম এ,এইচ,এম সুলতানুর রেজা (গ, প, র, প্রঅ) ঝিনাইদহ ক্যাডেট কলেজ (বিজ্ঞান), প্রাপ্ত নম্বর-৯০৩, দ্বিতীয়: শেখ মো: মঈনুল আলম (গ, প, র, প্রঅ) ঝিনাইদহ ক্যাডেট কলেজ (বিজ্ঞান) প্রাপ্ত নম্বর- ৮৯৪, তৃতীয়: মো: রফিকুল ইসলাম, (গ, প, র, প্রঅ) ঝিনাইদহ ক্যাডেট কলেজ, (বিজ্ঞান), প্রাপ্ত নম্বর ৮৯০, চতুর্থ : মো: দিদারুল ইসলাম, (গ, প, র) ঝিনাইদহ ক্যাডেট কলেজ, (বিজ্ঞান) প্রাপ্ত নম্বর ৮৭০, পঞ্চম : এ এইচ এম ফয়সাল আনোয়ার (গ, প, র, প্রঅ), ঝিনাইদহ ক্যাডেট কলেজ (বিজ্ঞান) প্রাপ্ত নম্বর--৮৬৭। ষষ্ঠ : মো: মোস্তাফিজুর রহমান (গ, প, র, প্রঅ) ঝিনাইদহ ক্যাডেট কলেজ, (বিজ্ঞান), প্রাপ্ত নম্বর-৮৬২, সপ্তম : মো: মোস্তাক হোসেন, (গ, প, র, প্রঅ), ঝিনাইদহ ক্যাডেট কলেজ, (বিজ্ঞান), প্রাপ্ত নম্বর-৮৫৮, তড়িৎ কান্তি ঘোষ, (গ, প, র) সরকারী বি,এল কলেজ, দৌলতপুর, খুলনা (বিজ্ঞান), প্রাপ্ত নম্বর-৮৫৮ এবং মো: ফরিদ আহমদ (গ, প, র), মঠবাড়ীয়া কলেজ (বিজ্ঞান), পিরোজপুর, প্রাপ্ত নম্বর-৮৫৮, অষ্টম: মো: গোলাম মোস্তফা (গ, প, র), ঝিনাইদহ ক্যাডেট কলেজ, (বিজ্ঞান), প্রাপ্ত নম্বর-৮৫৫, নবম : মো: তাজুল ইসলাম (গ, র), সরকারী বি, এল কলেজ, দৌলতপুর, খুলনা (বিজ্ঞান), প্রাপ্ত নম্বর ৮৫৩ এবং দশম : মো: আবু তালেব শেখ (গ, প, র, প্রঅ), ঝিনাইদহ ক্যাডেট (শেষ পৃ: ২-এর ক: দ্র:)

## কুমিল্লা বোর্ড

(নিজস্ব বার্তা পরিবেশক)

কুমিল্লা বোর্ডের মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট পরীক্ষার সম্মিলিত মেধা তালিকার প্রথম ১০জনের এবং অন্যান্য বিভাগে প্রথম তিন জনের নাম নিম্নে দেয়া হলো।

সম্মিলিত মেধা তালিকা

প্রথম:- নায়লা হোসেন (গ, পবি, রবি, জীবি), চট্টগ্রাম কলেজ (বিজ্ঞান), প্রাপ্ত নম্বর ৮৮৮, দ্বিতীয় : মো: মাকসুদ-উল আনোয়ার টিপু (গ, পবি, রবি, জীবি) ফৌজদারহাট ক্যাডেট কলেজ, (বিজ্ঞান) প্রাপ্ত নম্বর ৮৮৬, তৃতীয়: মহসীন আহমদ মোস্তফা (গ, পবি, রবি, প্রকৌ), কুমিল্লা ভিক্টোরিয়া কলেজ (বিজ্ঞান), প্রাপ্ত নম্বর-৮৬৬ এবং মো: মাহবুব হোসাইন (গ, পবি, রবি, প্রকৌ), কুমিল্লা ভিক্টোরিয়া কলেজ (বিজ্ঞান), প্রাপ্ত নম্বর-৮৬৬, চতুর্থ : মো: মোবলেসুজ্জামান (গ, পবি, রবি, পস), সিলেট ক্যাডেট কলেজ (বিজ্ঞান), প্রাপ্ত নম্বর-৮৬৩, পঞ্চম : শাকিলা ইশরাত (গ, পবি, রবি, জীবি), চট্টগ্রাম কলেজ (বিজ্ঞান), প্রাপ্ত নম্বর-৮৬১।

ষষ্ঠ : কাজী কামরুল আহসান (গ, পবি, রবি, পস), সিলেট ক্যাডেট কলেজ (বিজ্ঞান), প্রাপ্ত নম্বর ৮৫৩ এবং মোহাম্মদ আর- (শেষ পৃ: ১-এর ক: দ্র:)

ঢাকা বোর্ডের এইচ,এস,সি পরীক্ষার বিজ্ঞান কলা ও বাণিজ্য বিভাগের আংশিক ফলাফল ৩,৫,৬ ও ৭-এর পাতায়।

## সঙ্গীত বিভাগে মাত্র ২ জন মহিলা উত্তীর্ণ

(নিজস্ব বার্তা পরিবেশক)

ঢাকা বোর্ডের সঙ্গীত শাখায় ১২ জন পুরুষ পরীক্ষার্থীর মধ্যে কেউ পাস করেনি। ১৩ জন মহিলা পরীক্ষার্থীর মধ্যে দু'জন উত্তীর্ণ হয়েছে।

রাজশাহী বোর্ডে এ শাখায় পুরুষ পরীক্ষার্থীর সংখ্যা ছিল ৫। উত্তীর্ণের সংখ্যা ৪। ২ জন মহিলা পরীক্ষার্থীর মধ্যে পাস করেছে ১জন। বাকী দু'টি বোর্ডে এ শাখা নেই।

ইসলামী শিক্ষা শাখা ঢাকা ও রাজশাহী বোর্ডে আছে। ঢাকা বোর্ডে মাত্র একজন পরীক্ষার্থী ছিলেন। প্রথম বিভাগে পাস করেছেন। পাসের হার একশ' শতাংশ। রাজশাহী বোর্ডে দু'জন পরীক্ষার্থীর কেউ পাস করেনি। পাসের হার শূন্য।